আন নি'মাতুল কুবরা আলাল আ'লাম ফি মাওলিদে সাইয়্যিদে উলদে আদম

আল্লামা ইবনে হাজার হাইছামী (রহঃ)



আন নি'মাতুল কুবরা আলাল আলাম
ফি মাওলিদে সাইয়্যেদে উলদে আদম

মূল:
আল্লামা আহ্মদ ইবনে হাজার হাইসামী (রহঃ)
(মৃত্যুঃ ৯৮৪হি.)

দোয়া ও এজাজত:
ডঃ সৈয়দ মোঃ শরাফত আলী
অধ্যক্ষ
ছারছীনা আলিয়া মাদ্রাসা

অনুবাদ:
মুহাম্মাদ মুমিনুল ইসলাম

সম্পাদনায়:
মাওঃ মুহাম্মদ বদরুজ্জামান রিয়াদ
মাওঃ আবুল খায়ের ইবনে মাহতাবুল হক

Re Pdf by Masum Billah Sunny
Size Reduce To 27 MB to 8 MB

প্রকাশনায়:

আল-আমিন প্রকাশন

জনতা মার্কেট -বিয়ানীবাজার -সিলেট

আন নি'মাতুল কুবরা আলাল আলাম
ফি মাওলিদে সাইয়্যেদে উলদে আদম

মূল: আল্লামা আহ্‌মদ ইবনে হাজার হাইসামী (রহঃ)(মৃত্যুঃ ৯৮৪হি.)

অনুবাদঃ মুহাম্মাদ মুমিনুল ইসলাম
কামিল ২য় বর্ষ (হাদীস)
ছারছিনা দারুসুন্নাত আলিয়া মাদ্রাসা

প্রকাশক:
মাওঃ আবুল খায়ের ইবনে মাহতাবুল হক

প্রকাশনায়:
আল-আমিন প্রকাশন
জনতা মার্কেট, বিয়ানীবাজার, সিলেট।
মোবাইল ০১৭২২১১৫১৬১

প্রকাশ কাল: মার্চ ২০১০ ইং
দ্বিতীয় সংস্করণ। আগষ্ট ২০১০ইং

মুদ্রণেঃ কর্ডোভা প্রিন্টার্স এন্ড প্যাকেজার্স
১/এ পুরাণা পল্টন লাইন,ঢাকা

প্রচ্ছদঃ সাইদুল লোদী

হাদিয়া: অফসেট:৮০ টাকা মাত্র
নরমেল :৬০ টাকা মাত্র

পরিবেশনায়:
রশিদ বুক হাউস
কুহিনূর লাইব্রেরী-
বাংলাবাজার, ঢাকা
মোহাম্মাদীয়া কুতুবখানা- চট্টগ্রাম

প্রাপ্তিস্থান:
রহমানিয়া বই ঘর
আল ফারুক লাইব্রেরী
প্রাইম লাইব্রেরী
রাজা ম্যনশন, জিন্দা বাজার - সিলেট
নোমানিয়া লাইব্রেরী
নিউ আদর্শ লাইব্রেরী
নিউ এমদাদিয়া লাইব্রেরী
কুদরত উল্লাহ মার্কেট-সিলেট
কাজী লাইব্রেরী- শ্রীমঙ্গল
তাবাস্‌সুম লাইব্রেরী-মৌলভী বাজার
বরকতিয়া লাইব্রেরী -মৌলভী বাজার
আল ইফাদা লাইব্রেরী- বড়লেখা
কুতুব শাহ লাইব্রেরী- কুলাউড়া
আল মারজান লাইব্রেরী- বিশ্বনাথ
মদীনা লাইব্রেরী-শেরপুর
ফাজকুর লাইব্রেরী- ছাতক
মামুন রেজা লাইব্রেরী-হবিগঞ্জ
সোহেলী লাইব্রেরী-বিয়ানী বাজার
মুহাম্মদী লাইব্রেরী-বিয়ানী বাজার

AN NIAMATUL KUBRA ALAL ALAM. WRITTEN BY ALLAMA AHMAD IBN HAZAR HAISAMI IN ARABIC AND TRANS LATED BY MUHAMMAD MUMINUL ISLAM INTO BENGALI. PUBLIS HED BY AL AMIN PROKATION BIANI BAZAR, SYLHET. DECEMBER 2009
PRICE: TK. 80.00; US.DOLLAR 4.00

উৎসর্গ

হযরত শাহ্ সূফী মাওঃ আবুবকর সিদ্দীক (রহঃ),
মাওঃ শাহ্ সূফী নেছারুদ্দীন আহমদ (রহ.)
শামসুল উলামা আল্লামা সাহেব কিবলা ফুলতলী (রহ.)
এর কদম মুবারকে এবং আমার পরম শ্রদ্ধেয় আব্বা
ও আম্মার দীর্ঘায়ূ কামনায় এবং মরহুম
দাদা-দাদী, নানী ও ছোট খালার
আত্মার মাগফিরাত কামনায়
মহান প্রতিপালকের দরবারে অত্র বইখানা উৎসর্গিত।

Pdf by Masum Billah Sunny

সম্পাদকীয়

সারা বিশ্বজুড়ে সামাদৃত গ্রন্থ হিসেবে আন নি'মাতুল কুবরা আলাল আলাম"এর জুড়ি নেই। এতো গুরুত্বপূর্ণ একটি গ্রন্থের বঙ্গানুবাদ করা সত্যিই অতীব জরুরী ছিল। কিন্তু এ ব্যাপারে সর্বপ্রথম যে জিনিসটির প্রয়োজন ছিল তা হলো সাহস ও ধৈর্য্য। কেননা 'সাহসীরাই সুন্দরের যোগী'। আনুবাদ জগতের নবীন তারকা মু. মুমিনুল ইসলাম আল্লাহর রহমতে সেই সাহস ও ধৈর্য্য প্রদর্শনে সক্ষম হয়েছেন। অসীম সাহস ও অগাধ ধৈর্য্যের সমন্বয়ে তিল তিল করে তিনি এ গ্রন্থের বঙ্গানুবাদ সম্পন্ন করেছেন, যা বাংলা ভাষা-ভাষী মানুষের চাহিদা মিটাতে সক্ষম হবে বলে আমি মনে করি। এমন একটি সাহিত্যকর্মের সম্পাদনা করতে পারাটা সত্যিই ভাগ্যের ব্যাপার। গ্রন্থটিকে সর্বাঙ্গিন সুন্দর ও নির্ভুল করতে আমরা যথাসাধ্য চেষ্টা করেছি, তারপরও এতে ভুল থেকে যাওয়া অসম্ভব নয়। তাই আপনাদের ক্ষমা সুন্দর দৃষ্টি আমাদের কাম্য। আল্লাহ এর মাধ্যমে সর্বস্তরের মুসলমানদের উপকৃত করুন। আমীন

মু. বদরুজ্জামান রিয়াদ

Pdf by Masum Billah Sunny

অনুবাদকের কথা

الحمد لله والشكر لله والصلوة والسلام على رسول لله اما بعد فقد قال الله تعالى فى القران الكريم من يطع الرسول فقط اطاع الله (الخ) وقال عليه السلام من احب سنتى فقط احبنى ومن احبنى كان معى فى الجنة.

রাসুলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়া সালাম এর প্রতি আন্তরিক মহব্বত ও তাঁর অনুসরণই নাজাতের একমাত্র অসিলা। আর এটাই স্বাভাবিক যে, ভালোবাসা মহব্বতকৃত ব্যক্তিকেই বার বার স্মরণ করিয়ে দেয়। যেমন হাদীস শরীফে উল্লেখ রয়েছে–

من احب شئيا اكثر ذكره

আর মহানবী (সা.) হলেন, অপরিসীম গুণের অধিকারী।তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ নবী শাফিউল মুজনিবীন, রাহমাতুল্লিল আলামীন। তাঁর জন্ম বৃত্তান্ত সম্পর্কে আরবী ভাষায় লিখিত 'আন নিমাতুল কুবরা আলাল আলম' বিশ্বব্যাপী প্রসিদ্ধ একটি গ্রন্থ। প্রথিতযশা মুহাদ্দিস আল্লামা ইবনে হাজার হায়সামী (রা.) যার লিখক। এমন মহান একজন লিখকের অমূল্য কীর্তির বঙ্গানুবাদ করার মতো যোগ্যতা বা সাধ্য আমার নেই। কিন্তু তারপরও এ গ্রন্থের গুরুত্ব এবং ব্যাপক কল্যানের চিন্তা করেই আমি আল্লাহর উপর ভরসা করে এ কাজ শুরু করি। এ মহত কাজে অনেকে সহজোগিতা করেছেন তাদের মধ্যে আমার নানা মাওঃআবুল হাশেম ও সহযুদ্ধা অনেক ছাত্র ভাই।

নিঃসন্দেহে আল্লাহ আমাকে এ কাজের জন্য তাওফীক দিয়েছেন যার প্রমাণ যখনই আমি এর অনুবাদ লিখতে বসেছি তখনই সহজতা অনুভব করেছি। লিখক তাঁর কিতাবে অত্যন্ত সহজভাবে বিশ্বনবী (দঃ) জন্ম বৃত্তান্ত আলোচনা উপলক্ষ্যে আয়োজিত মিলাদ মাহফিলের ব্যাপারে অনবদ্য আলোচনা উপস্থাপন করেছেন। এসব আলোচনা দ্বিধা-বিভক্ত মুসলমান ভাইদের উপকারে আসবে এতে কোনো সন্দেহ নেই। এতো বড় মাপের একজন আলেমের অনবদ্য গ্রন্থের অনুবাদ যথার্থভাবে করা সম্ভব হবেনা, এটাই স্বাভাবিক। তারপরও রাব্বুল আলামীন তাঁর এ আকিঞ্চন বান্দার দ্বারা এ কাজ করিয়েছেন, সেজন্য তাঁর দরবারে জানাই লক্ষ-কোটি সুজুদ। আল্লাহ পাক এর মাধ্যমে পরকালে আমাদেরকে তাঁর নবীর শাফায়াতের অধিকারী করুন এ আমার একান্ত কামনা।

প্রথম সংস্করনে কবিতা উল্লেখ করা হয়নি,অতপর এর অনুবাদ জটিল হওয়াতে তা আর অনুবাদে হাত দেইনি, প্রথম সংস্করনে কিছু ভূল ত্রুটি হয়েছিল ,এখন তা সংশোধন করা হয়েছে।

আল হাকীর
মু. মুমিনুল ইসলাম

Pdf by Masum Billah Sunny

প্রকাশকের কথা

আল্লামা ইবনে হাজার হায়সামী (রা.) শুধুমাত্র একজন বিশ্বখ্যাত মুহাদ্দিসই ছিলেন না বরং সেই সাথে একজন স্বনামধন্য মুফাস্সির, মুফ্তি, দার্শনিক,চিন্তাবিদ, বাগ্মী ও কবিও ছিলেন। তাঁর অসংখ্য সাহিত্যকর্মের মধ্যে 'আন নি'মাতুল কুবরা আলাল আলাম' তার স্বকীয়তা নিয়ে সমুজ্জ্বল।

বহুদিন থেকেই এ কিতাবটি পড়ার শখ আমার অন্তরে জন্ম নিয়েছিল। আর সে স্বপ্ন বা শখ বাস্তবতা লাভ করে যখন আমি প্রাচ্যের আযহার নামে খ্যাত বিদ্যাপীঠ ছারছীনা শরীফ সফর করি তখন। সেখানে আমি গ্রন্থটি পেয়ে সারা রাত্র বসে এর গুরুত্বপূর্ণ অংশগুলো অধ্যয়ন করি। আর তখনই ব্যাপক কল্যানের চিন্তায় এর বাংলা অনুবাদের ব্যাপারটা আমার মাথায় আসে। ছারছীনা শরীফের মাও. মু. মুমিনুল ইসলামের সাথে কথা বললে তিনি এ দুঃসাহসিক কাজের ব্যাপারে আগ্রহ দেখান। তিনি নির্দ্বিধায় বলেন "আপনি প্রকাশ করতে পারলে আমি অনুবাদ করে দিতে পারি"। মানব জীবনের বড় বড় ঘটনাগুলির অনেকটাই আসলে প্ল্যান প্রোগ্রাম ছাড়াই ঘটে যায়। যাহোক অনেক শ্রম সাধনার পর 'আন নি'মাতুল কুবরা আলাল আলাম'-এর বঙ্গানুবাদ বের করতে পেরে আমি আনন্দিত। আশা করছি গ্রন্থটি পাঠক প্রিয়তা লাভ করবে। গ্রন্থটি নির্ভুলভাবে প্রকাশের প্রচেষ্টায় কোনো ত্রুটি আমরা করিনি। সম্মানিত পাঠকদের কাছে কোন ত্রুটিধরা পড়লে আমাদের জানালে তা সংশোধন করবো ইনশা আল্লাহ।

আল্লাহ এ গ্রন্থ থেকে আমাদেরকে ফায়দা লাভ করার তাওফীক দিন। আমীন।

নিবেদক

মু. আবুল খায়ের

সূচি পত্র

প্রথম অধ্যায়:

মীলাদুন্নবী (দঃ) এর ফযিলত প্রসঙ্গে খোলাফায়ে রাশেদীনের অমূল্য বাণী.....১০
মীলাদুন্নবী (দঃ) এর ফযিলত প্রসঙ্গে যুগশ্রেষ্ঠ মনীষীদের অমূল্য বাণী.....১১
বিশ্বনবী (দঃ) এর বৈশিষ্ট্যাবলী.....১৫
নবী করীম (দঃ) এর মুবারক আকৃতির বর্ণনা.....১৬
রাসূল (দঃ) এর শ্রেষ্ঠত্বের বর্ণনা.....১৮
রাসূল (দঃ) এর মোজেজা সমূহ.....১৯
* তাঁর বরকতময় হাতে খাদ্যের তাসবীহ পাঠ.....২০
* পাথরে সালাম দেওয়া.....২১
* গাছের কথা বলা ও সালাম দেওয়া.....২১
* মৃত্যুকে জীবিত করা এবং তার সাথে কথা বলা.....২১
* নবজাতকের কথা বলা এবং তার নবুয়তের সাক্ষ্য দেওয়া.....২১
রাসূল (দঃ) এর জন্ম বৃত্তান্ত প্রসঙ্গে.....২২
রাসূল (দঃ) এর জন্মকালীন অলৌকিক ঘটনাবলী.....২৪
রাসূল (দঃ) এর আগমন প্রসঙ্গে জিব্রাইল (আ.) এর আগাম ঘোষণা.....২৮
রাসূল (দঃ) এর গুণাবলী প্রসঙ্গে.....৩১
রাসূল (দঃ) এর প্রতি দরূদ শরীফ পাঠের ফজিলত.....৩৭
হুজুর (দঃ) তাঁর আম্মাজানের রেহেম শরীফে থাকাকালীন হযরত আমেনা (রা.) এর সাথে আম্বীয়া (আ.) গণের স্বপ্নে কথোপকথন.....৩৯
হযরত আমের (রা.) এর ইসলাম গ্রহণের বিস্ময়কর ঘটনা.....৪৭
রাসূল (দঃ) জন্ম পূর্ববর্তী ১২দিনের আশ্চর্য জনক ঘটনাবলী.....৫৫

Pdf by Masum Billah Sunny

لحمد الله الذي نور وقوى هذه الا مة الضعيفة بوجود محمد سيد المرسلين * لذي البسه الله تاج النبوة وجعله نبي الأنبياء* وأدم منجدل مندمج في الطين* اصطفاه حبيبا طبيبا خصوصا من بين هذا العموم أجمعين*فقال ربنا تبارك وتعالى وهو أصدق القائلين: وما أرسلناك إلا رحمة للعالمين* نوهت بمجيئه الكتب المنزلة من الحي الصمد* ومبشرا بريول يأتي من بعدي اسمه أحمد* فأشارت إلى تفضيله بشمول المفضلين* ولم يتدبر ذلك بمقتضى القابية سوى الأمة المحمدين* أنى لهم الذ كرى وقد جاءهم رسول مبين* اختصم الملأ الأعلى في غاية مبلغ علمه ولم يصل الأتبياء إلى بعض تعريفه برسمه* إذ كان سر سجود آدم ودعوة إبراهيم* ربنا وابعث فيهم رسولا منهم يتلوا عليهم آياتك ويعلمهم الكتاب ولحكمة ويزكيهم إنك أنت العزيز الحكيم* نزهه مولاه عما يقول الظالمون* فقال تعالى: وما صاحبكم بمجنون* ثم أقسم بعمره في القرآن المحفوظ المصون* فتدبر حبيبى لعدرك إنهم لفي سكزتهم يعمهون* ختم الشرائع بتأخيره الفاخر* وكان أول ما خلق الله نور نبيك يا جابر* فلذا جعله في الرتبة العزمية المقدم* وإذ أخذنا من النبيين ميثا قهم ومنك ومن نوح وإبراهيم وموسى وعيسى ابن مريم* عين اعيان الوجود ومر كز دائرة العارفين* ما كان محمد ابا أحد من رجالكم ولكن رسول الله وخاتم النبيين* سر أسرار المظاهر وملاذ الس دات الأفاخر الذي جعل الله انشراح صدور أهل الأ يمان في تحكيمه تعظيما* فلا وربك لا يؤمنون حتى يحكموك فيما شجر بينهم ثم لا يجدوا في أنفسهم حرجا مما قضيت ويسلموا تسليما* هذا الحبيب وسيلة المذنبين قال لنا ملقن الحجة مع التصريح والتبيين لنعلم كيف التشبث باذياله ونتو حى تفهيما* ولو انهم إذ ظلموا أنفسهم جاؤك فاستغفروا الله واستغفر لهم الرسول لوجدوا الله توابا

رحيما* يا قره عين العاصين يا حبيب الله أنت الذي نادمت الحق قاب قوسين أو أدنى* ناظرا إلى تجليه كما أراد وكيف أراد* ما زاغ بصرك وما طغى* أتراك حين ينالك وفاء هد ولسوف يعطيك ربك فترضى* انتسى الناشئين لامتداحك أولى القلوب المرضى* وأنت في كل حالة ملحوظا مرفودا لا تزال عسى أن يبعثك ربك مقاما محمودا* حياك الله بما يسرك* لقد بلغت الر سالة وأديت الأمانة ونصحت الأمة وكشفت الغمة* فلله درك أنت لأمتك الضعيفة أرحم من الأب الشفيق الحميم لقوله تعالى لقد جاءكم رسول من أنفسكم عزيز عليه ما عنتم حريص عليكم بالمؤمنين رؤف رحيم* فإن تولوا فقل حسبي الله لا إله إلا هو عليه تو كلت وهو رب العرش العظيم-

صلوا عليه وسلموا تسليما* حتى تنالوا جنة ونعيما

يا امة بنبيها متفضلة* صلوا عليه وسلموا فى الاوله

أمة محمد بالقطوف الدانيه* صلوا عليه وسلموا فى الثانيه

أمة محمد بالعلوم متوارثه* صلوا عليه وسلموا فى الثالثه

اجعل صلاتك على النبي متتابعه* صلوا عليه وسلموا فى الرابعه

يا من تورق له الغصون اليابسه* صلوا عليه وسلموا فى الخامسه

كل العلوم من الحبيب دارسه* صلوا عليه وسلموا فى السادسه

الماء من بين الأصابع نابعه* صلوا عليه وسلموا فى السابعه

جاء ابن عبد الله يبشر آمنه * صلوا عليه وسلموا فى الثامنه

وهو الذي في حضرة القدس قد سعى* صلوا عليه وسلموا فى العاشر

Pdf by Masum Billah Sunny

মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ফযিলত প্রসঙ্গে খোলাফায়ে রাশেদীনের অমূল্য বাণী:

قَالَ اَبُوْ بَكْرِنِ الصِّدِّيْقُ رَضِيَ اللهُ عَنْهُ مَنْ اَنْفَقَ دِرْهَمًا عَلَي قِرَاءَةِ مَوْلِدِ النَّبِيِّ صَلَّي اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ رَفِيْقِي فِي الْجَنَّةِ*

১. হযরত আবু বকর সিদ্দীক (রা.) বলেন, " যে ব্যক্তি হুযুর পাক (সা.) এর মীলাদ শরীফ পাঠ বা মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপলক্ষ্যে এক দিরহাম ব্যয় করবে সে জান্নাতে আমার বন্ধু হয়ে থাকবে। (সুবহানাল্লাহ)

وَقَالَ عُمَرُ رَضِيَ اللهُ عَنْهُ مَنْ عَظَّمَ مَوْلِدَ النَّبِي صَلَّي اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَدْ اَحْيَا الْاِسْلَامَ*

২. হযরত ওমর (রা.) বলেন, " যে ব্যক্তি মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বিশেষ মর্যাদা দিল সে মূলত: ইসলামকেই পূনরুজ্জীবিত করল। (সুবহানাল্লাহ)

قَالَ عُثْمَانُ رَضِيَ اللهُ عَنْهُ مَنْ اَنْفَقَ دِرْهَمًا عَلَي قِرَاءَةِ مَوْلِدِ النَّبِي صَلَّي اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَاَنَّمَا شَهِدَ غَزْوَةَ بَدْرٍ وَحُنَيْنٍ * .

৩. হযরত ওসমান (রা.) বলেন, " যে ব্যক্তি মীলাদুন্নবী উপলক্ষ্যে এক দিরহাম খরচ করল সে যেন বদর ও হুনায়েন যুদ্ধে শরীক থাকল। (সুবহানাল্লাহ)

وَقَالَ عَلِيٌّ رَضِيَ اللهُ عَنْهُ وَكَرَّمَ اللهُ وَجْهَهُ مَنْ عَظَّمَ مَوْلِدَ النَّبِيِّ صَلَّي اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَانَ سَبَبًا لِقِرَاءَتِهِ لَايَخْرُجُ مِنَ الدُّنْيَا اِلَّا بِالْاِيْمَانِ وَيَدْخُلُ الْجَنَّةَ بِغَيْرِ حِسَابٍ*

৪. হযরত আলী (রা.) বলেন, " যে ব্যক্তি মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি বিশেষ মর্যাদা প্রদান করল সে ব্যক্তি অবশ্যই ঈমান নিয়ে দুনিয়া থেকে বিদায় নিবে এবং বিনা হিসেবে জান্নাতে প্রবেশ করবে।

মন্তব্যঃ 'জাওয়াহেরুল বিহার' গ্রন্থকার আল্লামা ইউসুফ নাবহানী (রহঃ)তার কিতাবের ৩য় খণ্ডের ৩৫০ পৃষ্ঠায় উল্লেখিত বর্ণনা উপস্থাপন করে বলেছেন যে, আমার উপরোক্ত হাদীস সমূহের সনদ জানা রয়েছে, কিন্তু কিতাব বড় হয়ে যাবার আশংকায় আমি সেগুলো অত্র কিতাবে উল্লেখ করিনি।

Pdf by Masum Billah Sunny

মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ফযিলত প্রসঙ্গে যুগশ্রেষ্ঠ মনীষীদের অমূল্য বাণী:

وَقَالَ حَسَنٌ اَلْبَصْرِي رَضِيَ الله عَنْهُ وَدِدْتُ لَوكَانَ لِي مِثْلُ جَبَلِ اُحُدٍ ذَهَبًا فَاَنْفَقْتُهُ عَلَي قِرَاءَةِ مَوْلِدِ النَّبِيِّ صَلَّي الله عَلَيهِ وَسَلَّمَ *

৫. হযরত ইমাম হাসান বসরী (রা.) বলেন, " আমার একান্ত ইচ্ছে হয় যে, আমার যদি ওহুদ পাহাড় পরিমাণ স্বর্ণ থাকত তাহলে তা ঈদে মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপলক্ষ্যে ব্যয় করতাম। (সুবহানাল্লাহ)

وَقَالَ جُنَيْدُ اَلْبَغْدَادِي قَدَّسَ الله سِرَّهُ مَنْ حَضَرَ مَوْلِدَ النَّبِي صَلَّي الله عَلَيْهِ وَسَلَّمَ وَعَظَّمَ قَدْرَهُ فَقَدْ فَازَ بِالاِيْمَانِ*

৬. সাইয়্যিদুত ত্বয়িফা হযরত জুনাইদ বোগদাদী (রা.) বলেন, " যে ব্যক্তি মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আয়োজনে উপস্থিত হল এবং উপযুক্ত সম্মান প্রদর্শন করলো। সে তার ঈমানের দ্বারা সাফল্য লাভ করবে অর্থাৎ সে বেহেশতি হবে। (সুবহানাল্লাহ)

وَقَالَ مَعْرُوف الكَرْخِي قَدَّسَ الله سِرَّهُ :مَنْ هَيَّأَطَعَامًا لِاَجْلِ قِرَاءَةِ مَوْلِدِ النَّبِيِّ صَلَّي الله عَلَيْهِ وَسَلَّمَ وَجَمَعَ اِخْوَانًا وَاَوْقَدَ سِرَاجًا وَلَبِسَ جَدِيدًا وَتَبَخَّرَ وَتَعَطَّرَ تَعْظِيْمًا لِمَوْلِدِ النَّبِيِّ صَلَّي الله عَلَيهِ وَسَلَّمَ حَشَرَهُ الله يَوْمَ الْقِيَامَةِ مَعَ الفِرْقَةِ الأوْلَي مِنَ النَّبِيِّيْنَ وَكَانَ فِي اَعْلَي عِلِّيِّيْنَ*

৭. হযরত মারুফ কারখী (রা.) বলেন, " যে ব্যক্তি মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপলক্ষ্যে খাদ্যের আয়োজন করে, অত:পর লোকজনকে জমা করে, মজলিশে আলোর ব্যবস্থা করে, পরিষ্কার-পরিচ্ছন্ন নতুন লেবাস পরিধান করে, মীলাদুন্নবীর তাজিমার্থে সু-ঘ্রাণ ও সুগন্ধি ব্যবহার করে। মহান আল্লাহ পাক তাকে নবী (আ.) গণের প্রথম কাতারে হাশর করাবেন এবং সে জান্নাতের সু-উচ্চ মাকামে অধিষ্ঠিত হবে। (সুবহানাল্লাহ)

وَقَالَ وَحِيدُ عَصْرِهِ وَفَرِيدُ دَهْرِهِ اَلاِمَامُ فَخْرُ الدِّينِ الرَّازِيُّ مَا مِنْ شَخْصٍ قَرَأ مَولِدَ النَّبِي صَلَّي الله عَلَيهِ وَسَلَّمَ عَلَي مِلحٍ اَوْ بُرٍّ اَوْ شَيءٍ آخَرَ مِنَ المَاكُولاَتِ اِلاَّ ظَهَرَتْ فِيهِ البَرَكَةُ وَفِي كُلِّ شَيْءٍ *

Pdf by Masum Billah Sunny

৮. ইমাম ফখরুদ্দীন রাযী (রা.) বলেন, " যে ব্যক্তি মীলাদ শরীফ পাঠ করে বা মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উদযাপন করে লবণ, গম বা অন্য কোন খাদ্য দ্রব্যের উপর ফুঁক দেয়, তাহলে এই খাদ্যে দ্রব্যে অবশ্যই বরকত প্রকাশ পাবে। এভাবে যে কোন কিছুর উপরই পাঠ করুক না কেন। (তাতে বরকত হবেই)

وَصَلَ إِلَيهِ مِنْ ذَالِكَ الْمَاكُولِ فَإِنَّهُ يَضْطَرِبُ وَلاَ يَسْتَقِرُّ حَتَّي يَغْفِرَ اللهُ لآكِلِهِ

৯. ইমাম রাযী (রা.) বলেন, " উক্ত মোবারক খাদ্যে মীলাদ পাঠকারীর বা মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উদযাপনকারীর জন্য আল্লাহ পাকের নিকট ক্ষমা প্রার্থনা করে, এমনকি তাকে ক্ষমা না করা পর্যন্ত সে ক্ষান্ত হয় না। (সুবহানাল্লাহ)

وَإِنْ قَرِئَ مَوْلِدُ النَّبِي صَلَّي اللهُ عَلَيهِ وَسَلَّمَ عَلَي مَاءٍ فَمَنْ شَرِبَ مِنْ ذَالِكَ الْمَاءِ دَخَلَ قَلْبَهُ اَلْفُ نُورٍ وَرَحمَةٍ * وَخَرَجَ مِنهُ اَلْفُ غِلٍّ وَعِلَّةٍ وَلاَ يَمُوْتُ ذَالِكَ الْقَلْبُ يَوْمَ تَمُوْتُ الْقُلُوْبُ*

১০. ইমাম রাযী (রা.) আরোও বলেন, " যদি মীলাদ শরীফ পাঠ করে বা মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উদযাপন করে পানিতে ফুঁক দেয়, অত:পর উক্ত পানি কেউ পান করে তাহলে তার অন্তরে এক হাজার নূর ও রহমত প্রবেশ করে। আর তার থেকে হাজারটি বাহ্যিক ও আভ্যন্তরীন রোগ দূর হবে। যে দিন সমস্ত ক্বলব (মানুষ) মৃত্যুবরণ করবে সেদিনও ঐ মীলাদুন্নবীর পানি পানকারী ব্যক্তির অন্তর মৃত্যু বরণ করবেনা। (সুবহানাল্লাহ)

وَمَنْ قَرَأَ مَوْلِدَ النَّبِي صَلَّي اللهُ عَلَيهِ وَسَلَّمَ عَلَي دَرَاهِمَ مَشكُوْكَةٍ فِضَّةٍ كَانَتْ اَوْ ذَهَبًا وَخَلَطَ تِلْكَ الدَّرَاهِمَ بِغَيْرِهَا وَقَعَتْ فِيهَا الْبَرَكَةُ وَلاَيَفْتَقِرُ صَاحِبُهَا وَلاَ تَفْرُغُ يَدَهُ بِبَرَكَةِ النَّبِيِّ صَلَّي اللهُ عَلَيهِ وَسَلَّمَ *

১১. ইমাম রাযী (রহ.) আরো বলেন, " যে ব্যক্তি মীলাদ শরীফ পাঠ করে বা মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উদযাপন করে রৌপ্যের অথবা স্বর্ণের দেরহাম সমূহের উপর ফুঁক দেয় অত:পর তা অন্য জাতীয় মুদ্রার সাথে মিশায় তাহলে তাতে অবশ্যই বরকত হবে এবং এর পাঠক কখনোই ফকীর হবে না। আর উক্ত হাত নবী করীম (সা.) বরকতে কখনও খালি হবে না। (সুবহানাল্লাহ)

وَقَالَ الشَّافِعِيُّ رَحمَهُ اللهُ مَنْ جَمَعَ لِمَوْلِدِ النَّبِيِّ صَلَّي اللهُ عَلَيهِ وَسَلَّمَ اِخْوَانًا وَهَيَّا طَعَامًا وَأَخْلَي مَكَانًا وَعَمِلَ اِحْسَانًا وَصَارَ سَبَبًا لِقِرَاءَتِهِ بَعَثَهُ اللهُ يَوْمَ الْقِيَامَةِ مَعَ الصِّدِّيقِينَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِينَ وَيَكُوْنُ فِي جَنَّاتِ النَّعِيمِ *

১২. ইমাম শাফেয়ী (রা.) বলেন, " যে ব্যক্তি মীলাদ শরীফ পাঠ বা মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উদযাপন উপলক্ষ্যে লোকজন একত্রিত করলো এবং খাদ্য তৈরী করলো ও জায়াগা নির্দিষ্ট করলো এবং মীলাদ পাঠের জন্য উত্তমভাবে (তথা সুন্নাহ ভিত্তিক) আমল করলো উক্ত ব্যক্তিকে আল্লাহ পাক হাশরের দিন সিদ্দীকীন, শুহাদা ও সালেহীনদের সাথে উঠাবেন এবং তাঁর ঠিকানা হবে জান্নাতে নাঈম।" (সুবহানাল্লাহ)

وَقَالَ السِّرِّيُّ السَّقَطِيُّ قَدَّسَ اللهُ سِرَّهُ مَنْ قَصَدَ مَوْضِعًا يُقْرَأُ فِيهِ مَوْلِدُ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَدْ قَصَدَ رَوْضَةً مِنْ رِيَاضِ الْجَنَّةِ لِأَنَّهُ مَا قَصَدَ ذَالِكَ الْمَوْضِعَ إِلَّا لِمَحَبَّةِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ *

১৩. হযরত সার্‌রী সাক্বত্বী (র:) বলেন, " যে ব্যক্তি মীলাদ শরীফ পাঠ বা মীলাদুন্নবী (সা.)উদযাপন করার জন্য স্থান নির্দিষ্ট করলো, সে যেন তার জন্য জান্নাতে রওজা বা বাগান নির্দিষ্ট করলো। কেননা সে তা হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মহব্বতের জন্যই করেছে।"

وَقَدْ قَالَ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ (مَنْ أَحَبَّنِي كَانَ مَعِيَ فِي الْجَنَّةِ)

১৪. রাসূলে পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি আমাকে ভালোবাসবে সে আমার সাথেই জান্নাতে থাকবে।"

وَقَالَ سُلْطَانُ الْعَارِفِينَ الْاِمَامُ جَلَالُ الدِّين السُّيُوطِي قَدَّسَ اللهُ سِرَّهُ وَنَوَّرَ ضَرِيحَهُ فِي كِتَابِهِ الْمُسَمَّي بِالْوَسَائِلِ فِي شَرحِ الشَّمَائِلِ مَامِنْ بَيْتٍ أَوْمَسْجِدٍ أَوَمَحَلَّةٍ قُرِئَ فِيهِ مَوْلِدُ النَّبِي صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَّا حَفَّتِ الْمَلَائِكَةُ ذَالِكَ الْبَيْتَ أَوِ الْمَسْجِدَ أَوِ الْمَحَلَّةَ وَصَلَّتِ الْمَلَائِكَةُ عَلَي أَهلِ ذَالِكَ الْمَكَانِ وَعَمَّهُمُ اللهُ تَعَالَي بِالرَّحْمَةِ وَالرِّضْوَانِ *وَأَمَّا الْمُطَوَّقُونَ بِالنُّورِ يَعْنِي جِبْرَائِيلَ وَمِيكَائِيلَ وَاِسْرَافِيلَ وَعَزْرَائِيلَ عَلَيْهِمُ السَّلَامُ فَإِنَّهُمْ يُصَلُّونَ عَلَي مَنْ كَانَ سَبَبًا لِقِرَاءَةِ مَوْلِدِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ *

১৫. সুলতানুল আরেফিন ইমাম হযরত জালালুদ্দীন সুয়ূতী (র.) তাঁর অনবদ্য গ্রন্থ الوَسَائِل فِى شَرْحِ الشَّمَائِل এ বলেন, " যে কোন ঘর বা মসজিদে অথবা মহল্লায় মীলাদ শরীফ পাঠ করা হয় সেখানে অবশ্যই আল্লাহ পাকের ফেরেস্তাগণ বেষ্টন করে নেন। আর তাঁরা সে স্থানের অধিবাসীগণের উপর সালাত-সালাম পাঠ করতে থাকেন। আর আল্লাহপাক তাদেরকে স্বীয় রহমত ও সন্তুষ্টির আওতাভুক্ত করে নেন। আর নূর দ্বারা সজ্জিত প্রধান চার ফেরেস্তা, অর্থাৎ-

হযরত জিব্রাইল, মীকাইল, ইসরাফিল ও আযরাইল (আ.) মীলাদ উদযাপনকারীর ওপর সালাত-সালাম পাঠ করেন।" (সুবহানাল্লাহ)

وَقَالَ اَيْضًا :مَا مِنْ مُسْلِمٍ قَرَاَ فِي بَيْتِهِ مَوْلِدَ النَّبِيِّ صَلَّي الله عَلَيهِ وَسَلَّمَ اِلاَّ رَفَعَ الله سُبْحَانَهٗ وَتَعَالَي اَلْقَحْطَ وَالْوَبَاءَ وَالْحَرْقَ وَالْغَرْقَ وَالْاٰفَاتِ وَالْبَلِيَّاتِ وَالْبُغْضَ وَالْحَسَدَ وَعَيْنَ السُّوْءِ وَاللُّصُوْصَ عَنْ اَهْلِ ذَالِكَ الْبَيْتِ فَاِذَا مَاتَ هَوَّنَ الله عَلَيهِ جَوَابَ مُنْكَرٍ وَنَكِيْرٍ وَيَكُوْنُ فِي مَقْعَدِ صِدْقٍ عِنْدَ مَلِيْكٍ مُقْتَدِرٍ.

১৬. ইমাম জালালুদ্দীন সুয়ূতী (র:) আরো বলেন, " যখন কোন মুসলমান নিজ বাড়িতে মীলাদ শরীফ পাঠ করে তখন সেই বাড়ির অধিবাসীগণের ওপর থেকে আল্লাহ পাক অবশ্যই খাদ্যাভাব, মহামারী, অগ্নিকান্ড, ডুবে মরা, বালা-মুসিবত, হিংসা-বিদ্বেষ, কু-দৃষ্টি, চুরি ইত্যাদি উঠিয়ে নেন। যখন উক্ত ব্যক্তি মারা যান তখন আল্লাহ পাক তাঁর জন্য মুনকার-নকীরের সুওয়াল-জওয়াব সহজ করে দেন। আর তাঁর অবস্থান হয় আল্লাহ পাক এর সান্নিধ্যে সিদ্দীকের মাকামে।

مَنْ اَرَادَ تَعْظِيمَ مَوْلِدِ النَّبِيِّ صَلَّي الله عَلَيهِ وَسَلَّمَ يَكْفِيهِ هَذَا الْقَدْرُ *وَمَنْ لَمْ يَكُنْ عِنْدَهٗ تَعْظِيمُ مَوْلِدِ النَّبِيِّ صَلَّي الله عَلَيهِ وَسَلَّمَ لَوْ مَلَاَتَ لَهُ الدُّنْيَا فِي مَدْحِهٖ لَمْ يَحَرَّكْ قَلْبُهٗ فِي الْمَحَبَّةِ لَهٗ صَلَّي الله عَلَيهِ وَسَلَّمَ *جَعَلَنَا الله وَاِيَّاكُمْ مِمَّنْ يُعَظِّمُهٗ وَيَعْرِفُ قَدْرَهٗ وَمِنْ اَخَصِّ خَاصِّ مُحِبِّيْهِ وَاَتْبَاعِهٖ اٰمِينَ يَا رَبَّ الْعَالَمِينَ *وَصَلَّي الله عَلَي سَيِّدِنَامُحَمَّدٍ وَعَلَي اٰلِهٖ وَصَحْبِهٖ اَجْمَعِينَ اِلَي يَومِ الدِّينِ –

১৭. অতএব " যে ব্যক্তি ঈদে মীলাদুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তাযীম করতে চাইবে তার জন্য উপরোক্ত বর্ণনা যথেষ্ট। আর যে ব্যক্তির নিকট ঈদে মীলাদুন্নবীর তাযীম নাই (সম্মান করে না) সারা দুনিয়া পূর্ণ করেও যদি তাঁর প্রশংসা করা হয় তথাপিও তার অন্তর হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মহব্বতে প্রকম্পিত হবে না।

আল্লাহ পাক আমাদের সকলকে তাদের দলভূক্ত করুন, যারা ঈদে মীলাদুন্নবীকে মর্যাদা দান করেন এবং এর মর্যাদা উপলব্ধি করেন। তিনি আমাদেরকে তাঁর হাবীব সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আখাস্সুল খাস মুহিব্বীন ও অনুসারী বানিয়ে দিন। আমীন! ইয়া রাব্বাল আলামীন, আয় আল্লাহ পাক, সালাত ও সালাম বর্ষিত করুন সাইয়্যিদুনা মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর পরিবার ও সাহাবীগণের প্রতি কেয়ামত পর্যন্ত।

صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمَ * حَتَّى تَنَالُوا جَنَّةً وَنَعِيمَا

لِي نَبِي اِسْمُهُ مُحَمَّد يَا مَولَايَ * لَمْ يَزَلْ فَضْلُهُ عَلَيناَ

هُوَ نَبِيِّي هُوَ شَفِيْعِي يَا مَولَايَ * غَدًا مِنْ نَارِ القَوِيَا

نُورٌ اَلْبَهِي مِنَ الشَّمسِ يَا مَولَايَ * خَصَّهُ رَبُّ البَرِيَا

اَنْطَقَ النَّخلَ بِفَضْلِهِ يَا مَوْلَايَ * وَلَهُ وَجهُ مُضِيَا

قَدْ رَقَى فَوْقَ السَّمَاءِ يَا مَولَايَ * وَارْتَقَى سَبْعًا عَلِيًا

نَبَعَ المَاءُ مِنْ كَفِهِ يَا مَولَايَ * وَسَقَى الجَيشَ الحَمِيًّا

اَنْفُهُ اَقْنَى كَسَيْفِ يَا مَولَايَ * وَالْحَوَاجِبِ اَنْوَرِيَا

خَدَّهُ كَالْوَرَدِ الاَ حمَرِ يَا مَولَايَا * وَالعَيُونُ الأَكْحَلِيَا

شعره أدعج مسلس يا مولاي * شِبْهُ لَيْلٍ اَعْتَمِيَا

فَمُهُ ضَيق صَغِير يَا مَولَايَ * شِبْهُ خَاتِمٍ جَعْفَرِيَا

جِسْمُهُ أَبِيَضُ مُنَعم يَا مَولَايَ * شِبْهُ فِضَه اَحْجَرِيَا

عَنْكَبُوتَ عَشَش وَخَيَّمَ يَا مَولَايَ * مِنْ كُفُورِ اَلْجَاهِلِيَا

زَادَ شَوْقِي لِحَبِيْبِي يَا مَولَايَ * وَكَوانِي الْهِجْرَ كَيَا

فَازَ مَنْ صَلَّى عَلَيْهِ يَا مَولَايَ * بِالْرِّضَا وَالْجَنَّتِيَا

وَارضَ عَنْ أَصْحَابِه جِمْعًا يَا مَولَايَ * عَلَى رَغَمَ الرَّافِضِيَا۔

বিশ্বনবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বৈশিষ্ট্যাবলী

وعَنْ أَنَسِ بْنُ مَالِكٍ رَضِيَ الله عَنْهُ اَنَّهُ قَالَ :قَالَ رَسُولُ الله صَلَّي الله عَلَيْهِ وَسَلَّمَ (أَنَا أَوَّلُ النَّاسِ خُرُوجًا اِذَا بُعِثُوا وَاَنَا قَائِدُ هُمْ اِذَا وَفَدُوا وَاَنَا خَطِيبُهُمْ اِذَا اَنْصَتُوا وَأَنَا مُسْتَشْفِعُهُمْ اِذَا حُبِسُوا وَأَنَا مُبَشِّرُهُمْ اِذَا أَيِسُوا،الْكَرَامَةُ وَالْمَفَاتِيحُ حِينَئِذٍ بِيَدِي وَأَنَا أَكْرَمُ وَلَدَ أَدَمَ عَلَي رَبِّي،يَطُوفُ عَلَيَّ أَلْفُ خَادِم كَأَنَّهُمْ بَيْضٌ مَكْنُونٌ أَوْ لُؤْلُؤٌ مَنْثُورٌ صَلَّي اللهُ عَلَيْهِ وَسَلَّمَ (إِلَي يَوْمِ الْبَعْثِ وَالنُّشُورِ)*

হযরত আনাস বিন মালিক (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন- আমিই সর্ব প্রথম বের হব (আলমে বরযখ তথা কবর জগৎ থেকে) মানব সম্প্রদায়ের মধ্যে যে দিন তারা পুনরুত্থিত হবে এবং আমিই হব তাদের নেতা, যেদিন তারা দলবদ্ধ হবে এবং আমিই তাদের পক্ষ থেকে (মানবকূলের) সেদিন (কেয়ামতের দিন) কথা বলব, যেদিন তারা নিরব, নিস্তব্দ ও চুপ থাকবে। আর আমিই তাদের জন্য সুপারিশকারী হব, যে দিন তারা আল্লাহর দরবারে পাকড়াও হবে। আর আমিই তাদেরকে সুসংবাদ প্রদানকারী হব, যেদিন তারা নিরাশ হয়ে যাবে। সম্মান, মর্যাদা এবং নেয়ামতরাজির চাবিসমূহ সেদিন আমারই হাতে থাকবে। আর আমিই আদম সন্তানের মধ্যে সর্বশ্রেষ্ঠ আমার প্রতিপালকের দরবারে। আর সেই পুনরুত্থান দিবসে আমার চতুর্দিকে এক হাজার খাদেম ঘোরাফিরা করতে থাকবে, আর তারা হবে শুভ্র সমুজ্জ্বল অথবা ছড়ানো-ছিটানো মণি-মুক্তার ন্যায়।

وَعَنْ جُبَيْرِبْنِ مُطْعِم رَضِيَ اللهُ عَنْهُ أَنَّهُ قَالَ:قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ : (لِي أَسْمَاءٌ أَنَا مُحَمَّدٌ وَأَنَا أَحْمَدُ * وَأَنَا الْمَاحِي الَّذِي يَمْحُو اللهُ بِي الْكُفْرَ * وَأَنَا الْحَاشِرُ الَّذِي يُحْشَرُ النَّاسُ عَلَى قَدَمِي * وَأَنَا الْعَاقِبُ وَالْعَاقِبُ لَيْسَ بَعْدَهُ نَبِيٌّ *وَأَنَا الْمُقَفَّى وَنَبِيُّ التَّوْبَةِ وَنَبِيُّ الرَّحْمَةِ)

প্রখ্যাত সাহাবী হযরত জুবাইর ইবনে মুতয়িম (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- আমার অনেকগুলো নাম রয়েছে। যেমন আমি মুহাম্মদ, আমি আহমদ, আমিই মাহি (কুফরকে নিশ্চিহ্নকারী) আমার দ্বারাই আল্লাহ তায়ালা কুফরকে নিশ্চিহ্ন করেছেন। আমিই হাশির (একত্রকারী) আমার পায়ের কাছেই সকল মানুষ একত্রিত হবে। আমি হলাম আকিব (সর্বশেষ নবী) আর আকিব হল এমন নবী, যার পরে আর কোন নবী আসবেনা। এবং আমি হলাম মুকাফফা (অন্তমিল যুক্তকারী) এবং তওবার নবী ও রহমাতের নবী।

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুবারক আকৃতির বর্ণনা:

وَعَنْ عَلِي بْنِ أَبِي طَالِبٍ رَضِيَ اللهُ عَنْهُ أَنَّهُ قَالَ : كَانَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْسَ بِالطَّوِيلِ وَلَا بِالْقَصِيرِ ضَخْمَ الرَّأْسِ وَاللِّحْيَةِ ضَخْمَ الْكَرَادِيسِ طَوِيلَ الْمَسْرُبَةِ إِذَا مَشَى تَكَفَّأَ تَكَفُّؤًا فَكَأَنَّمَا يَنْحَطُّ مِنْ صَبَبٍ، لَمْ أَرَ قَبْلَهُ وَلَا بَعْدَهُ مِثْلَهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَيْسَ فِي رَأْسِهِ وَلِحْيَتِهِ عِشْرُونَ شَعْرَةً بَيْضَاءُ * وَكَانَ أَزْهَرَ اللَّوْنِ وَشَعْرُهُ إِلَى أَنْصَافِ أُذُنَيْهِ وَكَانَ فِي وَجْهِهِ تَدْوِيرٌ أَبْيَضُ

مُشْرَبٌ بِالْحُمْرَةِ اَقْنَى الْاَنْفِ اَدْعَجَ الْعَيْنَيْنِ اَهْدَبَ الْاَشْفَارِ وَبَيْنَ كَتِفَيْهِ خَاتَمُ النُّبُوَّةِ وَهُوَ خَاتَمُ النَّبِيِّيْنَ اَجْوَدُ النَّاسِ صَدْرًا وَاَصْدَقُ النَّاسِ لَهْجَةً وَاَلْيَنُهُمْ عَرِيكَةً وَاَكْرَمُهُمْ عَشِيرَةً ، مَنْ رَاٰهُ بَدَاهَةً هَابَهُ وَمَنْ خَالَطَهُ مَعْرِفَةً اَحَبَّهُ يَقُوْلُ نَاعِتُهُ لَمْ اَرَ قَبْلَهُ وَلَا بَعْدَهُ مِثْلَهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ *

হযরত আলী ইবনে আবি তালিব (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এতো দীর্ঘও ছিলেন না আবার এতো বেটেও ছিলেন না। বরং মধ্যাঙ্গী ছিলেন। তাঁর মাথা মোবারক বড় ছিল (তবে এত বড় নয় যা দৃষ্টিকটু) এবং জোড়ার হাড়গুলো ও মোটা ছিল। বক্ষ দেশ হতে নাভি পর্যন্ত পশমের সরু একটি রেখা ছিল। চলার সময় সামনের দিকে ঝুকে চলতেন; মনে হতো সে নিম্ন ভূমির দিকে যাচ্ছেন। হযরত আলী (রা.) বলেন, আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পূর্বে বা পরে তাঁর মত সৌন্দর্যময় আর কাউকে দেখিনি। আর তাঁর মাথা ও দাড়ি মিলিয়ে বিশ (২০)টি চুলও সাদা ছিলোনা।

আর তিনি ছিলেন অতি উজ্জ্বল রংয়ের অধিকারী। তার চুল মোবারক কান বরাবর প্রলম্বিত ছিল। তাঁর চেহারা মোবারক সম্পূর্ণ গোলাকার ছিল না। বরং কিছুটা গোলাকৃতি ছিল। তার গাত্র বর্ণ সাদা লাল মিশ্রিত ছিল। তাঁর নাক মোবারক সামান্য উঁচু ছিল। চক্ষুদ্বয় গাঢ় কালো, পালক দীর্ঘ এবং দেহের জোড়ার হাড় বেশ মোটা ছিল। স্কন্ধদ্বয়ের মাঝখানেও মোহরে নবুয়্যাত ছিল। তিনি সর্ব শেষ নবী ছিলেন। সবচেয়ে সত্যবাদী ছিলেন। অতি বিনয়ী ছিলেন। সবচেয়ে কুলীন বংশোদ্ভূত ছিলেন। তাঁকে আকস্মিক কেউ দেখলে ভীত হয়ে পড়তো (কারণ তিনি অত্যন্ত গম্ভীর ছিলেন)। হ্যাঁ, যদি কেউ তাঁর সাথে মেলামেশা করত তখন সে তাঁকে প্রিয়তম ব্যক্তি হিসেবে গ্রহণ করতে বাধ্য হত। (সাধারণত: সৌন্দর্যের দরুন ও ভয়-ভীতির সঞ্চার হয়। তাঁর সাথে যখন মহৎ গুণাবলীর সমাবেশ ঘটে তখন ভয়-ভীতি আরো বৃদ্ধি পায়। এছাড়া আল্লাহ প্রদত্ত বিষয় সমূহের মধ্যে রৌব বা প্রভাব ও হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একটি বৈশিষ্ট্য ছিল।)

তাঁর অবয়ব বর্ণনাকারী পরিশেষে এটাই বলতে বাধ্য হব, আমি তার পূর্বে বা পরে তার ন্যায় সৌন্দর্যময় আর কাউকে দেখিনি।

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا وَعَنْ اَبِيْهَا اَنَّهَا قَالَتْ كَانَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْصِفُ نَعْلَهُ وَيَخِيْطُ ثَوْبَهُ وَيَعْمَلُ فِي بَيْتِهِ كَمَا يَعْمَلُ اَحَدُكُمْ فِي بَيْتِهِ

হযরত আয়েশা ছিদ্দীকা (রা.) তার পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাধারণত অভ্যাস ছিল যে, তিনি

তাঁর জুতা মোবারক নিজ হাতে মেরামত করতেন এবং তাঁর জামা নিজেই সেলাই করতেন এবং তিনি বাড়ির কাজ নিজেই করতেন যেমনিভাবে তোমরা তোমাদের কাজগুলো বাড়িতে বসে করে থাক।

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর শ্রেষ্ঠত্বের বর্ণনা

وَعَنْ أَنَسٍ رَضِيَ اللهُ عَنْهُ * أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ *كَانَ لَايَدَّخِرُ شَيْئًا لِغَدٍ *وَمِمَّا اخْتَصَّ بِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنَ الفَضَائِلِ وَالْكَرَامَاتِ مِنْهَا أَنَّ آدَمَ وَجَمِيْعَ الْمَخْلُوقَاتِ خُلِقُوا لِأَجْلِهِ * وَمِنْهَا أَنَّهُ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَبِيْتُ جَائِعًا وَيُصْبِحُ طَاعِمًا يُطْعِمُهُ رَبُّهُ وَيَسْقِيهِ مِنَ الْجَنَّةِ* وَكَانَ يَرَى مِنْ خَلْفِهِ كَمَا يَرَىٰ مِنْ اَمَامِهِ* وَيَرَى فِي اللَّيْلِ وَالظُّلْمَةِ كَمَا يَرَى فِي النَّهَارِ وَالضَّوْءِ وَكَانَ اِذَا مَشَى فِي الصَّخْرِ غَاصَتْ قَدَمَاهُ فِيهِ* لَقَدِ اخْتَارَهُ وَاصْطَفَاهُ رَبُّهُ *وَكَانَتْ تَنَامُ عَيْنَاهُ وَلَايَنَامُ قَلْبُهُ *وَكَانَ رِيحُ عَرَقِهِ أَطْيَبُ مِنْ رِيحِ الْمِسْكِ وَلَمْ يَقَعْ لَهُ ظِلٌّ عَلَى الْأَرْضِ وَلَا يَرَى لَهُ ظِلٌّ فِي شَمْسٍ وَلَا فِي قَمَرٍ * وَلَايَقَعُ عَلَى ثِيَابِهِ ذُبَابٌ قَطُّ وَاِنَّ الْمَلَائِكَةَ تَسِيْرُ مَعَهُ حَيْثُ سَارَ يَمْشُوْنَ خَلْفَ ظَهْرِهِ ـ وَمِنْهَا أَنَّهُ يَجِبُ عَلَيْنَا أَنْ نُصَلِّيَ وَنُسَلِّمَ عَلَيْهِ * صلوا عليه وسلموا تسليما

হযরত আনাস (রা.) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূল (সা.) এর অভ্যাস ছিল যে, তিনি আগামী দিনের জন্য কোন কিছু জমা করে রাখতেন না। আর তাঁর ফজিলত, মর্যাদা ও বৈশিষ্ট্যের মধ্যে কতিপয় নিম্নে তুলে ধরা হলো:-

১. হযরত আদম (আ.) ও সমগ্র সৃষ্টিজীবকে একমাত্র তাঁর কারণেই (অছিলায়) সৃষ্টি করা হয়েছে।

২. হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ক্ষুধার্ত অবস্থায় ঘুমে যেতেন এবং ক্ষুধাহীন (পেট পরিপূর্ন) অবস্থায় সকাল করতেন। মহান আল্লাহ পাক তাকে জান্নাতের খাদ্য ও পানি পান করাতেন।

৩. তিনি সামনের দিকে যেভাবে দেখতেন, পিছনের দিকেও সেভাবে দেখতে পেতেন।

৪. রাতের কঠিন অন্ধকারেও সবকিছু দেখতে পেতেন, যেমনিভাবে দিনের আলোতে সবকিছু দেখতেন।

৫. আল্লাহপাক তাকে নির্বাচিত করেছেন ও মনোণীত করেছেন।

৬. আর তিনি যখন প্রস্তরময় প্রান্ত অতিক্রম করতেন তখন তাঁর পদদ্বয় তাতে গেড়ে যেতো।

৭. আর তাঁর চক্ষুদ্বয় (রাতে) ঘুমিয়ে পড়তো। কিন্তু তাঁর কলব বা অন্তর মোবারক ঘুমাত না।

৮. আর তাঁর ঘামের সুগন্ধ ছিল মেশক-আম্বরের চেয়েও অধিক সুগন্ধময়।

৯. আর তাঁর ছায়া যমীনের উপর কখনো পড়ে নাই এবং কোন সূর্য বা চন্দ্রের আলোতে তাঁর ছায়া কেউ দেখেনি।

১০. তাঁর জামার উপর কখনো কোন মশা-মাছি পতিত হতো না।

১১. আর নিশ্চয়ই ফেরেস্তারা তাঁর সাথে ভ্রমণ করেন যেখানেই তিনি যান ফেরেশতাগণ তার পশ্চাতে হাটেন, আর তাঁর উপর সালাত ও সালাম পেশ করা আমাদের জন্য অবশ্য কর্তব্য।

يَا رَبِّ صَلِّ دَائِمْ وَسَلِّمْ عَلَى الْمُكَرَّمْ* مَا زَمْزَمَ الْحَادِي وَمَا تَرَنَّمْ فِي لَيْلٍ اَظْلَمْ
يَا اَهْلَ نَجْدِي قَدْ طَالَ بُعْدِي وَجَدَّ وَجْدِي* كُلَّمَا يَحْدُو الْحَادِ الْمُجِدّ نَحْوَ الْمُكَرَّمْ
سَيِّدُ الْخَلْقِ حَسَنُ الْخُلُقِ عَرِيبُ النُّطْقِ*مَالِكُ الرِّقِّ حَبِيبُ الْحَقِّ سِرُّ الْمُطَلْسَمْ
تَشْتَاقُ رُوْحِي إِلَى الْمَلِيحِ طَهَ الْفَصِيحِ* عَسَى بِهِ أَنْ يُبَرِّى جَرِيحِي وَيَرْحَلَ الْهَمّ
أَرْجُوكَ حَسْبِي ذُخْرًا النَّبِي تُزِيلُ كَرْبِي* يَا لَبَّ لُبِّي عَلَيْكَ رَبِّي صَلَّى وَسَلَّمْ
أَزْكَى صَلَاتِي بِالْحَرَكَاتِ وَالسَّكَنَاتِ* وَالْخَطَرَاتِ فِي خَيْرَاتِي وَمَا تَرَنَّمْ

মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মোজেজা সম্পর্কে:

إِنَّ مُعْجِزَاتِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مُسْتَمِرَّةٌ إِلَى يَوْمِ الْقِيَامَةِ وَمُعْجِزَاتِ سَائِرِ الْأَنْبِيَاءِ عَلَيْهِمُ السَّلَامُ اِنْقَضَتْ لِوَقْتِهَا فَلَمْ يَبْقَ مِنْهَا إِلَّا خَبَرُهَا *وَمِنْ مُعْجِزَاتِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ تَسْبِيحُ الطَّعَامِ فِي كَفِّهِ الْمُبَارَكِ *

নিশ্চয়ই হযরত মোহাম্মদ মোস্তফা (সা.) এর মোজেজা বা অলৌকিক কার্যাবলী সমূহ কিয়ামত পর্যন্ত চলমান থাকবে। আর অন্যান্য আম্বিয়া কেরামের মোজেজাসমূহ তাদের ইন্তেকালের সাথে সাথে নি:শেষ হয়ে গেছে। একমাত্র সংবাদ ছাড়া তাদের আর কিছুই বাকি নেই। আর রাসূল (সা.) এর মোজেজা সমূহের মধ্যে প্রসিদ্ধ দু-একটি নিম্নে উপস্থাপন করা হলো:-

১. তাঁর বরকতময় হাতে খাদ্যের তসবীহ পাঠ:

كَمَا وَرَدَ فِي الْبُخَارِي مِنْ حَدِيثِ ابْنِ مَسْعُودٍ رَضِيَ اللهُ عَنْهُ أَنَّهُ قَالَ: كُنَّا نَاكُلُ مَعَ النَّبِي صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الطَّعَامَ وَنَحْنُ نَسْمَعُ تَسْبِيحَ الطَّعَامِ *

বুখারী শরীফে হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ (রা.) হতে বর্ণিত তিনি বলেন, আমরা হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে খেতে বসতাম এবং খাদ্যর তাসবীহ পাঠ আমারা শুনতে পেতাম।

২. পাথরের সালাম দেওয়া:

وَمِنْ مُعْجِزَاتِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ تَسْلِيْمُ الْحَجَرِ عَلَيْهِ كَمَا وَرَدَ فِيْ صَحِيْحِ مُسْلِمٍ مِنْ حَدِيْثِ جَابِرِ بْنِ سَمُرَةَ رَضِيَ اللهُ تَعَالٰى عَنْهُ اَنَّهُ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ اِنِّيْ لَاَعْرِفُ حَجَرًا بِمَكَّةَ كَانَ يُسَلِّمُ عَلَيَّ قَبْلَ اَنْ اُبْعَثَ وَاِنِّيْ لَاَعْرِفُهُ الْاٰنَ*

সহী মুসলিম শরীফে হযরত জাবের ইবনে সামুরা (রা.) হতে বর্ণিত, তিনি বলেছেন, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, নিশ্চয়ই আমি মক্কার একটি পাথরকে চিনি। যেটি নবুয়ত প্রাপ্তির পূর্বে আমাকে ছালাম প্রদান করত। সেটিকে আমি এখনও জানি।

৩. গাছের কথা বলা ও সালাম দেওয়া:

كَلَامُ الشَّجَرِ وَسَلَامُهَا عَلَيْهِ- كَمَا وَرَدَ عَنْ عَلِيِّ ابْنِ اَبِيْ طَالِبٍ رَضِيَ اللهُ عَنْهُ وَكَرَّمَ اللهُ وَجْهَهُ اَنَّهُ قَالَ: كُنْتُ مَعَ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَكَّةَ فَخَرَجْنَا فِيْ بَعْضِ نَوَاحِيْهَا فَمَا اسْتَقْبَلَهُ جَبَلٌ وَلَا حَجَرٌ اِلَّا وَهُوَ يَقُوْلُ اَلسَّلَامُ عَلَيْكَ يَا رَسُوْلَ اللهِ* وَ مِنْ مُعْجِزَاتِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ حَنِيْنُ الْجِذْعِ شَوْقًا اِلَيْهِ وَنَبْعُ الْمَاءِ الطَّهُوْرِ مِنْ بَيْنِ اَصَابِعِهِ وَتَفْجِيْرُ الْمَاءِ بِبَرَكَتِهِ وَتَكْثِيْرُ الطَّعَامِ الْقَلِيْلِ بِدُعَاءِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ*

হযরত আলী ইবনে আবি তালিব হতে বর্ণিত, একদা মক্কা শরীফে আমি হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে ছিলাম। অত:পর আমরা মক্কার কতিপয় রাস্তার দিকে হাটছিলাম আর প্রত্যেক পাহাড় এবং পাথর এই বলে সম্ভাষন জানাতে লাগল, আসসালামু আলাইকা ইয়া রাসূলাল্লাহ! এমন কি কোন পাহাড় এবং পাথর এই সম্ভাষন জানাতে বাকি ছিল না। এছাড়াও রয়েছে গাছের শাখা-প্রশাখা তার দিকে (আগ্রহে) ঝুকে পড়া এবং পবিত্র পানির প্রস্রবন তার মোবারক আঙ্গুল থেকে বের হওয়া ,আর তার বরকতে পাথর থেকে পানি প্রবাহিত হওয়া এবং তাঁর দোয়ায় কম খাবার বৃদ্ধি পায়।

৪. মৃত্যুকে জীবিত করা এবং তার সাথে কথাবার্তা বলা:

وَمِنْ مُعْجِزَاتِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِحْيَاءُ الْمَوْتَى وَكَلَامُهُمْ مَعَهُ وَفِي الْخَبَرِ أَنَّ اللهَ تَعَالَى أَحْيَى لَهُ أَبَوَيْهِ وَعَمَّهُ أَبَا طَالِبٍ فَآمَنَا بِهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ- ذَكَرَهُ الْقُرْطُبِيُّ فِي التَّذْكِرَةِ*(١)

ইমাম কুরতুবী (রহ.) তার 'তাযকেরা' নামক গ্রন্থে উল্লেখ করেন, নিশ্চয়ই আল্লাহ পাক রাব্বুল আলামীন তাঁর পিতা-মাতাকে এবং তাঁর চাচা আবু তালিবকে জীবিত করেন। অত:পর তাঁরা সকলেই হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর ঈমান আনয়ন করেন।

৫. নবজাতক শিশুর কথা বলা এবং তাঁর নবুয়তের সাক্ষ্য দেওয়া:

وَكَلَامُ الصِّبْيَانِ مَعَهُ وَشَهَادَتُهُمْ لَهُ بِالنُّبُوَّةِ- وَكَانَ لَهُ مِنَ الْعُمُرِ ثَلَاثٌ وَسِتُّونَ سَنَةً- وَكَانَ أَطْوَعَ الْأَنْبِيَاءِ لِلهِ تَعَالَى- وَكَانَ مَوْلِدُهُ لَيْلَةَ الْإِثْنَيْنِ لِاثْنَتَيْ عَشْرَةَ لَيْلَةٍ خَلَتْ مِنْ شَهْرِ رَبِيْعِ الْأَوَّلِ قَدْ أَظْهَرَ اللهُ عَلَى يَدَيْهِ مُعْجِزَاتِ الْبَاهِرَاتِ- فَمِنْهَا أَرْبَعُ مِاءَةِ مُعْجِزَةٍ عَلِمَ بِهَا أَكْثَرُ النَّاسِ- وَاثْنَتَيْ عَشَرَةَ مُعْجِزَةً فِيْ بَيْتِهِ لَوْ ذَكَرْنَاهَا لَطَالَ الْكِتَابُ بِذِكْرِهَا- لِأَنَّ هٰذِهِ لَاتَكُوْنُ إِلَّا لِنَبِيٍّ مُرْسَلٍ إِلَى كَافَّةِ النَّاسِ وَالْخَلْقِ أَجْمَعِيْنَ- صَلَّى اللهُ عَلَيْهِ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ أَجْمَعِيْنَ إِلَى يَوْمِ الدِّيْنِ- صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا*

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সত্য নবী ছিলেন। তাঁর প্রমাণ হল: সদ্য ভূমিষ্ঠ হওয়া শিশু তাঁর নবুয়াতের সাক্ষ্য দিয়েছিল শুধু তাই নয় বরং তাঁর সাথে কথাও বলত। তিনি ৬৩ বছর জীবিত ছিলেন। তিনি নবীগণের মধ্যে আল্লাহর অধিক আনুগত্যশীল নবী ছিলেন, তিনি ১২ ই রবিউর আউয়াল সোমবার দিবাগত রাত্রে জন্মগ্রহণ করেন। মহান আল্লাহ পাক তাঁর হাতে অসংখ্য মোজেজা প্রকাশ করেন। তন্মধ্যে প্রায় চারশত মোজেজা সম্পর্কে অধিকাংশ মানুষ অবগত। আর বারটি আশ্চর্যজনক মোজেজা তাঁর বাড়িতে সংগঠিত হয়েছে, যেগুলো একমাত্র নবী ও রাসূল ব্যতীত অন্য কারো কাছ থেকে প্রকাশ পাওয়া সম্ভব নয়। কিতাবে কলেবর বৃদ্ধির আশংকায় সেগুলো এখানে উল্লেখ করা হলো না। দরূদ ও সালাম বর্ষিত হোক তাঁর এবং তাঁর পরিবার পরিজন ও সমস্ত অনুসারীদের উপর স্বীকৃত দিবস পর্যন্ত।

يَا ذَا الْمَكَايَا يَا ذَا الْمَكَايَا * مَدِيْحُ مُحَمَّدٍ عَزِيْزُ عَلِيٍّ

حَبِيبُ الْقَلْبِ مَلَكْتَ لُبِّي * هُوَيْدَا سِرْ بِي إِلَى الْمَكِّيَّا

وَسِرْ بِي لَيْلاً عَسَى بِلَيْلَا * أَشَاهِدَ لَيْلَى وَهِيَ مُجَلَّا

وَهِيَ تَجَلَّى لِلْعَيْنِ تَحْلَى * أَطُوفُ وَأَتَمَلَّى عَلَى عَيْنِيَّا

سِرْنَا بِالأَسْحَارِ لِقَبْرِ الْمُخْتَارِ * كَثِيرُ الأَنْوَارِ جَمِيلٌ إِلَيْنَا

وَقُلْ يَا هَادِي فُؤَادِي صَادِي * وَحُبُّكَ زَادِي فَانْظُرْ إِلَيَّا

فَمُوسَى أَسْعَدُ وَعِيسَى أَمْجَدُ * وَأَنْتَ أَسْعَدُ مِنَ الْكُلِّيَّا

فَأَحْمَدُ لَهُ شَانٌ وَنُورُهُ قَدْ بَانْ * أَتَى بِالْقُرْآنْ بِصِدْقِ النِّيَّا

مَقَامُ إِبْرَاهِيمَ مَحَلُّ التَّعْظِيمِ * وَأَدْعُو لِرَبِّي بِحُسْنِ النِّيَّا

وَرُوحُ لِلْمَسْعَى وَطِفْ لِي سَبْعَا * وَقَصْدِي أَسْعَى عَلَى عَيْنِيَّا

قَصْدِي أَزُورُهُ أُشَاهِدُ نُورَهُ * وَقُلْ يَا هَادِي تَشَفَّعْ فِيَّا

بِحُرْمَةِ الأَصْحَابِ وَالآلْ وَالأَحْبَابْ * أَقِفْ بِالأَعْتَابْ وَصَحِّ لِيَّا

মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্মবৃত্তান্ত

قَالَ حَسَنُ بْنُ أَحْمَدَ الْبَكْرِي رَحْمَةُ اللهِ عَلَيْهِ لَمَّا أَرَادَ الْجَلِيلُ جَلَّ جَلَالُهُ أَنْ يَنْقُلَ نُورَ سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ * جَرَّكَ فِي قَلْبِ عَبْدِ اللهِ بْنِ عَبْدِالْمُطَّلِبِ أَنْ يَتَزَوَّجَ فَقَالَ عَبْدُ اللهِ لِأُمِّهِ أُرِيدُ مِنْكِ أَنْ تَخْطُبِي لِي إِمْرَأَةً ذَاتَ حُسْنٍ وَجَمَالٍ وَقَدٍّ وَاعْتِدَالٍ وَبَهَاءٍ وَكَمَالٍ وَحَسَبٍ وَنَسَبٍ عَالٍ * قَالَتْ حُبًّا وَكَرَامَةً يَا وَلَدِي * ثُمَّ أَنَّهَا دَارَتْ أَحْيَاءَ قُرَيْشٍ وَبَنَاتِ الْعَرَبِ * فَلَمْ يُعْجِبْهَا إِلَّا آمِنَةُ بِنْتُ وَهْبٍ فَقَالَ يَا أُمَّاهُ انْظُرِيهَا مَرَّةً ثَانِيَةً * فَمَضَتْ وَنَظَرَتْهَا فَإِذَا هِيَ تَضِيءُ كَأَنَّهَا كَوْكَبٌ دُرِّيٌّ * فَأَنْقَدُوهَا أُوقِيَةً مِنْ فِضَّةٍ وَأُوقِيَةً مِنْ ذَهَبٍ * وَمِائَةً مِنَ الإِبِلِ وَمِثْلَهَا مِنَ الْبَقَرِ وَالْغَنَمِ وَذُبِحَ وَأُصْلِحَ طَعَامٌ كَثِيرٌ * لِأَجْلِ عُرْسِ عَبْدِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ * وَزُفَّتْ لَهُ ثُمَّ اخْتَلَابِهَا عَبْدُ اللهِ فِي خَلْوَةِ الطَّاعَةِ عَشِيَّةً *

হযরত হাসান ইবনে আহমদ আল- বাকরী (রহ.) বলেন, মহান আল্লাহ পাক যখন হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নূর মোবারক স্থানান্তর করার ইচ্ছা করেন, তখন (তাঁর পিতা) আব্দুল্লাহ ইবনে আব্দুল মোত্তালিবের হৃদয়ে বিবাহের আগ্রহ সৃষ্টি করে দিলেন।

অত:পর হযরত আব্দুল্লাহ স্বীয় আম্মাজানকে লক্ষ্য করে বলেন, হে আম্মাজান আমি আশা করি, আপনি আমার পক্ষ থেকে এমন এক নারীর কাছে বিবাহের প্রস্তাব দিবেন, যে অত্যন্ত ভাল, সুন্দরী, সুঠাম দেহের অধিকারীণী, মিতব্যয়কারীণি, ন্যায়পরায়ণী, উজ্জ্বল দীপ্তময়ী বংশ ও মর্যাদা সম্পন্ন পরিবারের ও উঁচু বংশীয়। পরে তাঁর মা স্নেহবাৎসল্য ভঙ্গিতে বলেন, হে আমার আদরের সন্তান (তাই হবে) । অত:পর হযরত আব্দুল্লাহর আম্মাজান কুরাইশ বংশের এবং আরবের সকল যুবতী নারীর সন্ধান করতে লাগলেন, কিন্তু তিনি একমাত্র আমেনা বিনতে ওহাব ছাড়া উল্লেখ্য গুণে ভুষিত অন্য কাউকে পেলেন না।

অত:পর হযরত আব্দুল্লাহ তার আম্মাজানকে পুনরায় ভালোভাবে (আমিনা বিনতে ওহাব)কে একটু দেখে আসার অন রোধ করেন। অত:পর তিনি পূনরায় দেখতে গেলেন এবং তাকে উজ্জ্বল নক্ষত্রের ন্যায় সুন্দরী দেখতে পেলেন। অত:পর এক উকিয়া স্বর্ণ এবং এক উকিয়া রৌপ্য বিবাহের মোহর নির্ধারণ করা হলো এবং একশত উট এবং গরু ছাগল সমপরিমাণ আব্দুল্লাহ ইবনে আব্দুল মোত্তালিবের বিবাহ অনুষ্ঠান উপলক্ষ্যে জবেহ করে অনেক লোকের খাদ্য তৈরী করা হলো এবং ব্যাপক আয়োজনের মাধ্যমে বিবাহ অনুষ্ঠান সম্পন্ন হল। হযরত আমেনার সাথে হযরত আব্দুল্লাহ যুফাফের বা (বাসর রাত্রি) সংগঠিত হয়ে গেল।

وَكَانَتْ لَيْلَةَ الْجُمُعَةِ رُوِيَ أَنَّهُ لَمَّا أَرَادَ اللهُ أَنْ يَخْلُقَ مُحَمَّدًا صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَطْنِ أُمِّهِ آمِنَةَ لَيْلَةَ الْجُمُعَةِ مِنْ شَهْرِ رَجَبِ الْأَصَمِ *أَمَرَ اللهُ فِي تِلْكَ اللَّيْلَةِ رِضْوَانَ خَازِنَ الْجِنَانِ أَنْ يَفْتَحَ الْفِرْدَوْسَ *وَنَادَى مُنَادٍ فِي السَّمٰوَاتِ وَالْأَرْضِ أَلَا إِنَّ النُّورَ الْمَكْنُونَ وَالسِّرَّ الْمَخْزُونَ الَّذِي يَكُونُ النَّبِيُّ الْهَادِي مِنْهُ يَسْتَقِرُّ هٰذِهِ اللَّيْلَةَ فِي بَطْنِ أُمِّهِ آمِنَةَ الَّذِي فِيهِ يَتِمُّ كَمَالُ خَلْقِهِ وَيَخْرُجُ إِلَى النَّاسِ بَشِيرًا وَنَذِيرًا * صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ بُكْرَةً وَأَصِيلًا*

অত:পর এক জুমার রাত্রির সন্ধ্যায় হযরত আব্দুল্লাহ আমেনার সাথে নির্জনে উভয়ের তৃপ্তির সাথে মিলিত হলেন। বর্ণিত আছে যে, মহান আল্লাহ তা'য়ালা যখন রজব মাসের অমাবশ্যার তিথিতে জুমার রাতে সর্বশ্রেষ্ট সৃষ্টি হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বিবি আমেনার গর্ভে সৃষ্টি করার ইচ্ছা করলেন, তখন জান্নাত সমূহের প্রহরী (কোষাদক্ষ) রেদওয়ান ফেরেশতাকে হুকুম দিলেন জান্নাতুল ফেরদাউস এর দরজা খুলে দেওয়ার জন্য এবং একজন

আহ্বান কারীকে আসমান ও যমীনের সর্বত্র এই কথা প্রচার করার জন্য নির্দেশ করা হলো যে, এ আসমান ও যমীনের অধিবাসীগণ নিশ্চয়ই সু-রক্ষিত নূর এবং গোপনীয় ভান্ডার যিনি পথ প্রদর্শন কারী নবী হবেন, তিনি এই রাত্রিতে মা আমিনার গর্ভে অবস্থান করবেন। যার দ্বারা আল্লাহ পাক রাব্বুল আলামীন তার সৃষ্টির পূর্ণতা দান করবেন। যিনি মানুষদের নিকট জান্নাতের সু-সংবাদ দানকারী এবং (জাহান্নাম থেকে) ভীতি প্রদর্শনকারী রূপে আর্বিভূত হবেন। দরূদ ও সালাম বর্ষিত হোক তাঁর উপর এবং তাঁর পরিবার পরিজন ও সমস্ত অনুসারীগণের প্রতি সদা-সর্বদা।

হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্মকালীন অলৌকিক ঘটনাবলী

وَفِي حَدِيْثِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّهُ قَالَ: كَانَ مِنْ دَلَالَةِ حَمْلِ اٰمِنَةَ بِرَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ * أَنَّ كُلَّ دَابَّةٍ كَانَتْ لِقُرَيْشٍ نَطَقَتْ تِلْكَ اللَّيْلَةَ وَقَالَتْ حُمِلَ بِرَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَرَبِّ الْكَعْبَةِ وَهُوَ اِمَامُ اَهْلِ الدُّنْيَا وَسِرَاجُ اَهْلِهَا * وَلَمْ يَبْقَ سَرِيْرُ مَلِكٍ مِنْ مُلُوْكِ الْعَرَبِ وَالْعَجَمِ اِلَّا وَاَصْبَحَ مَنْكُوْسًا * وَاَقْبَلَ اِبْلِيْسُ لَعَنَهُ اللهُ هَارِبًا عَلَى وَجْهِهِ حَتّٰى اَتٰى عَلٰى جَبَلِ اَبِىْ قُبَيْسٍ * وَصَاحَ صَيْحَةً وَرَنَّ رَنَّةً فَاجْتَمَعَتْ اِلَيْهِ الشَّيَاطِيْنُ مِنْ كُلِّ جَانِبٍ * وَقَالُوْا مَا الَّذِىْ نَزَلَ بِكَ؟ قَالَ وَيْلَكُمْ جَاءَتْ دَوْلَةُ السَّفَّاكِ الْهَتَّاكِ الَّذِىْ تُقَاتِلُ مَعَهُ الْاَمْلَاكُ اَهْلَكَنَا حِيْنَ حَمَلَتْ هٰذِهِ الْمَرْاَةُ يَعْنِىْ اٰمِنَةَ *

হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বিবি আমেনা গর্ভে ধারণ করেছেন তাঁর অসংখ্য প্রমাণ পাওয়া যায়। তন্মধ্যে কতিপয় নিম্নে পেশ করা হল।

১। ঐ রাত্রে কুরাইশ সম্প্রদায়ের সকল গৃহপালিত চতুস্পদ প্রাণীগুলো এই কথা বলতেছিল যে, হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মা আমেনার গর্ভে আগমন করেছেন। আল্লাহর শপথ! তিনি হবেন দুনিয়াবাসীর ইমাম ও তার অধিবাসীদের জন্য প্রদীপ স্বরূপ।

২। আর আরব ও আজমের কোন বাদশাহর বাদশাহী তখত অবশিষ্ট থাকেনি, যা ছিল তা ভেঙ্গে চুরমার হয়েছে।

৩। আর অভিশপ্ত ইবলিশ শয়তান (তাঁর আগমনে) পলায়ন করে আবু কুবাইছ পাহাড়ে আসল এবং জোরে এক চিৎকার মেরে অঝোর নয়নে কাঁদতে শুরু করল। আর চতুর্দিক থেকে সকল শয়তান তার ক্রন্দনে একত্রিত হল। তারা তাকে (ইবলিশকে) বলল, তোমার কি হল? (তুমি কাঁদতেছ কেন?) তখন ইবলিশ বলল,

ধ্বংস হোক তোমাদের যখন ঐ মহিলা (তথা হযরত আমেনা) গর্ভবতী হয়েছে তখন সকল বাদশাহীসহ আমাদেরকে হত্যাকারী সম্রাট আগমন করেছে।

قَالَ وَحَسَدُوهَا عَلَيهِ جَمِيعُ نِسَاءِ مَكَّةَ وَمَاتَ مِنْهُنَّ مِائَةُ اِمْرَاةٍ حَسْرَةً وَاَسَفًا عَلَيهِ* لِمَا فَاتَهُنَّ مِنْ حَلَبَتِهِ وَجَمَالِهِ وَبَقِيَ عَبْدُ الله فِي صُحْبَةِ آمِنَةَ* وَالنُّورُ يَتَلالاُ فِي جَبْهَتِهِ وَفَرَّتْ وُحُوشُ الْمَشْرِقِ اِلَى وُحُوشِ الْمَغْرِبِ بِالْبِشَارَاتِ وَكَذٰلِكَ اَهْلُ الْبِحَارِ يُبَشِّرُ بَعْضُهُمْ بَعْضًا* وَلَهُ فِي كُلِّ شَهْرٍ مِنْ حَمْلِهِ نِدَاءٌ فِي الاَرْضِ وَنِدَاءٌ فِي السَّمَاءِ* اَنْ اَبْشِرُوا فَقَدْ آنَ اَنْ يَظْهَرَ اَبُو الْقَاسِمِ* مُحَمَّدُ الْمُصْطَفَى صَلَّى الله عَلَيهِ وَسَلَّمَ* مَيْمُونًا مُبَارَكًا وَمِنْ عَجَائِبِ وِلَادَتِهِ صَلَّ الله عَلَيهِ وَسَلَّمَ:

এরপর বলল আরবের সকল নারীগণ ঐ সন্তানকে গর্ভে ধারণ করে সৌভাগ্যশীল হওয়ার জন্য খুবই আগ্রহী ছিল, যে সন্তানকে বিবি আমেনা গর্ভে ধারণ করেছে এবং প্রায় একশত নারী মৃত্যুবরণ করেছে একমাত্র আফসোসে এবং দুঃখে যেহেতু তারা তাঁর (নূরে মুহাম্মদীর) সৌন্দর্যজাত লাভ করতে পারে নাই।

আর হযরত আব্দুল্লাহ বিবি আমেনাকে সঙ্গীনি হিসেবে গ্রহণ করল এবং একটা নূর সর্বদা তার ললাটেই জ্বলজ্বল করতে থাকল, আর বন্য প্রাণীগুলো পাশ্চত্যের বন্যপ্রাণীদের কাছে এই শুভ সংবাদ পৌছে দিল। অনুরূপভাবে সমুদ্রে বসবাসকারী সকল প্রাণী একে অন্যকে এই সু-সংবাদ পৌছে দিল। আর গর্ভকালীন সময়ে প্রতিটি মাসে একবার করে পৃথিবীতে এবং আকাশে জনৈক ঘোষক ঘোষণা করত যে বিশ্বনবী মাতৃগর্ভে আছেন, অচিরেই পৃথিবীতে তাঁর শুভাগমন হবে। তাঁর উপাধি হবে আবুল কাশেম। তিনি খুব বকরতময় এবং সীমাহীন ভাগ্যবান।

মন্তব্যঃএই হাদীসটির সনদ অত্যন্ত দুর্বল। ইবনে আব্বাস(রা.) ছাড়া অন্য যে সব বর্ণনাকারীদের থেকে যে বর্ণনা পাওয়া যায় তাতে একথাও উল্লেখ আছে, যে রাতে হুযূর পাক সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাতৃগর্ভে স্থান নিয়েছেন এমন কোন ঘর ছিল না যে ঘরটি আলোকিত হয়নি এবং তাতে নূর প্রবেশ করেনি। এরপরে ঐ রাতে সকল চতুস্পদ পশুগুলো পরস্পর বাক্য বিনিময় করেছে (আবু নাঈম)

